## ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল

# বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা ২০০৯




গত ১৯শে বৈশাখ (২রা মে) সন্ধ্যা ৬:০০টায় ম্যাকুয়ারী ফিল্ডসের জেমস মিহান হাই স্কুলে অনুষ্ঠিত হয়ে গেল ক্যাম্পবেলটাউন বাংলা স্কুলের বার্ষিক সাংস্কৃতিক সন্ধ্যা ২০০৯। অনুষ্ঠানটি শুরু হয় সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে। এতে অংশগ্রহন করেন স্কুলের প্রতিষ্ঠাতা সভাপতি ড: মির্জা মনিরুল হাসান ও অধ্যক্ষ মিসেস রোকেয়া আহমেদ। আলোচনা অনুষ্ঠানটি পরিচালনা করেন মাসুদ চৌধুরী। আলোচনার পরপরই শুরু হয় ছাত্রছাত্রীদের পরিবেশনায় রোকেয়া আহমেদ রচিত গীতিনাট্য লালসবুজের পালা। পরিচালনায় ছিলেন রোকেয়া আহমেদ ও জিনাত চৌধুরী। গীতিনাট্যটি ছিলো অত্যন্ত উপভোগ্য ও সবার জন্য শিক্ষনীয়। এরপর ছাত্রছাত্রীরা অংশ নেয় দলীয় আবৃত্তিতে; পরিচালনায় ছিলেন নাসরিন মোফাজ্জল ও সোমা শাহাদাৎ। যে সমস্ত ছাত্রছাত্রী এতে অংশগ্রহন করে তারা হলো মানসিব, নাদিয়া মিয়া, নওরিন, সালমান, লামিয়া, রাইয়ানা, রওনক, নাদিয়া হুদা, লামিছা, নাদিয়া ইসলাম, সিলমা, সামিয়া, সিনথিয়া, সিয়াম, সালেক, তামিম, কৃস্টি, মোন, রাহাত, শারিকা, আনিকা, শিফান, আফরা, সুশমিতা ও সামরিন। এর পরপরই নাজমুল আহসান খানের পরিচালনায় অনুষ্ঠিত হয় স্থানীয় শিশু শিল্পীদের পরিবেশিত সংগীত ও নৃত্যানুষ্ঠান। এ অনুষ্ঠানটিও ছিলো অত্যন্ত মনোমগ্ধকর। অংশগ্রহনকারী শিশু শিল্পীরা হলো সুষমা, লরনা, আলাভী, আরিয়া, ফাইজা, মেঘনা, ইনারা, ইনাশা, মালিহা, প্রিয়েতা, মুনিয়া ও আজরা।

রাতের খাবারের বিরতির পর শুরু হয় স্থানীয় বিশিষ্ট শিল্পীদের অংশগ্রহনে বিশেষ সংগীতানুষ্ঠান। এতে অংশ নেন মনিকা বিশ্বাস, মুশফিকা মুমু ও রেবেকা সুলতানা। এরপর শুরু হয় সংগীত শিল্পী গোষ্ঠী লাল সবুজের আকর্ষনীয় পরিবেশনা। শিল্পীরা ছিলেন মাসুদ মিঠুন, শুভ্রা মুসতারীন, লুৎফা খালেদ ও মাহবুব চৌধুরী। হারানো দিনের গানের মাধ্যমে শিল্পীরা দর্শক শ্রোতাদের অভিভূত করেন।
সবশেষে স্কুলের ছাত্রছাত্রীদের পরিবেশনায় ও সোমা শাহাদাতের পরিচালনায় অনুষ্ঠিত হয় আকর্ষনীয় ফ্যাশন শো।

বিশেষভাবে উল্লেখ্য যে স্কুল প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা ও বাংলা শিক্ষায় জনমত গঠনে উল্লেখযোগ্য অবদানের জন্য স্কুলের প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তন সভাপতি জনাব আব্দুল জলিলকে এবছর বিশেষ সম্মাননা প্রদান করা হয়। এবার থেকে স্কুল কর্তৃপক্ষ প্রতিবছর এধরনের সম্মাননা প্রদান করবে বলে অনুষ্ঠানে জানানো হয়। সবশেষে, স্কুলের সভাপতি মোসলেম উদ্দীন মিয়া এই বার্ষিক অনুষ্ঠান আয়োজনে সহায়তা করার জন্য সংশ্লিস্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান ও অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।

রিপোর্ট এবং ছবি ক্যাম্বেলটাউন বাংলা স্কুল